

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-৩২৬

তারিখ : ০২/১১/২০২৫ খ্রি.

বিষয়: দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ও এ সংক্রান্ত কাগজপত্র সরেজমিনে অধিকতর তদন্ত প্রসংগে।

সূত্র : জেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া মহোদয়ের স্মারক নং-২৬১০, তারিখ : ১৯/১০/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর সাবেক সভাপতি জনাব মোঃ শওকত রেজা রতন তিনি তাঁর আবেদনে উল্লেখ করেন সমিতির বর্তমান সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত নোটিশে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান কসবা উপজেলার নতুন বাজারে অবস্থিত টি, আলী কলেজের হল রুমে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও নির্দিষ্ট সময় ও তারিখে সেখানে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান হয়নি। ঐ সময় কলেজে নিয়মিত ক্লাস হয়েছে। তিনি তার আবেদনে আরো উল্লেখ করেন রেজুলেশনে ভুয়া স্বাক্ষর দিয়ে সভার কার্যবিবরণী জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। উপরুল্লিখিত কারণে সমিতির সাবেক সভাপতি জনাব মোঃ শওকত রেজা রতন দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান বাতিল করত: সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য জেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া মহোদয় বরাবর অনুরোধ জানান। সমিতির সাবেক সভাপতি জনাব মোঃ শওকত রেজা রতন এর আবেদনের বিষয়ে সরেজমিনে অধিকতর তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য নিম্ন স্বাক্ষরকারীকে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয়। এমতাবস্থায় দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ও এ সংক্রান্ত কাগজপত্রের সত্যতার বিষয়ে আগামী ০৯/১১/২০২৫ খ্রি. তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর কার্যালয়ে তদন্ত কার্য অনুষ্ঠিত হবে। তদন্ত কালে আপনার স্ব-পক্ষের সংশ্লিষ্ট বিষয়ের যাবতীয় রেকর্ডপত্রসহ উপস্থিত থেকে তদন্ত কাজে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো।

২৫/১/

মোহাম্মদ ইব্রাহিম খলিল
উপজেলা সমবায় অফিসার
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

ও তদন্ত কর্মকর্তা

দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

প্রতি,

১। জনাব মোঃ জহিরুল হক খান, সভাপতি

দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

২। জনাব মোঃ জসীম উদ্দিন, সম্পাদক,

দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

৩। জনাব মোঃ শওকত রেজা রতন, সাবেক সভাপতি/ মনোনীত প্রতিনিধি

দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ৩২৬/১(৪)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

২। জেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।

৩। উপজেলা সমবায় অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

৪। সংশ্লিষ্ট নথি।

তারিখ : ০২/১১/২০২৫ খ্রি.

০২/১১/২০২৫

মোহাম্মদ ইব্রাহিম খলিল
উপজেলা সমবায় অফিসার
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

ও তদন্ত কর্মকর্তা

দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।